

## الْمُعِزُّ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ২৫ তম নাম الْمُعِزُّ ‘আল মুইয’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْمُعِزُّ’ শব্দের মূল ع - ز - ز, এই মূল শব্দ থেকে যে সকল শব্দ গঠিত হয়েছে তা পবিত্র কোরআন মাজিদে মাত্র ১১৯ বার এসেছে। সম্মান দেয়া, পরাভূত করা, ক্ষমতাশালী ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمُعِزُّ অর্থ: তিনি সম্মান দানকারী।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَتُعِزُّ مَنْ تَشَاءُ وَتُذِلُّ مَنْ تَشَاءُ بِيَدِكَ الْخَيْرُ ﴿٢٦﴾

যাকে ইচ্ছা তুমি ইজ্জত (সম্মান) দাও এবং যাকে ইচ্ছা লাঞ্চিত করো, সমস্ত কল্যাণ তোমারই হাতে। (সূরা আলে ইমরান: আয়াত নং ২৬)

مَنْ كَانَ يُرِيدُ الْعِزَّةَ فَلِلَّهِ الْعِزَّةُ جَمِيعًا ﴿١٠﴾

কেহ যদি ইজ্জত-সম্মান লাভ করতে চায়, সে জেনে রাখুক, ইজ্জত পুরোটাই আল্লাহর। (সূরা ফাতির: আয়াত নং ১০)

يَقُولُونَ لِنَنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ لِيُخْرِجَنَا الْأَعْرَابُ مِنْهَا الْأَذَلَّ وَلِلَّهِ الْعِزَّةُ وَلِرَسُولِهِ  
وَلِلْمُؤْمِنِينَ وَلَكِنَّ الْمُنَافِقِينَ لَا يَعْلَمُونَ ﴿٨﴾

মদীনার মুনাফিকরা নিজেদেরকে সম্মানিত মনে করত ও সাচ্চা মুসলমানদের নিচু মনে করত, মুনাফিকদের উক্তি-

তারা (মুনাফিকরা) বলে, এবার আমরা মদিনায় ফিরে গেলে সেখান থেকে ইজ্জতওয়ালারা (সম্মানিতরা) নিচুদের বের করে দেবো। অথচ সমস্ত ইজ্জত তো আল্লাহর, তাঁর রাসূলের এবং মুমিনদের, কিন্তু মুনাফিকরা জানেনা। (সূরা মুনাফিকুন: আয়াত নং ৮)

### তিরমিজি শরীফের হাদিস-

আবু উমামা (রা:) বর্ণিত: তিনি বলেন- রাসূল সা: অসংখ্য দোয়া করেছিলেন, আমরা তার কোনটি মুখস্ত রাখতে পারলাম না। আমরা বললাম, হে আল্লাহর রাসূল! আপনি অসংখ্য দো'য়া করেছেন, আমরা তার মধ্য থেকে কিছুই মনে রাখতে পারিনি। তিনি বললেন: আমি কি তোমাদেরকে এমন একটি দোয়া শিখাব না, যা সবগুলো দো'য়া কে একত্রিত করে দেবে। তোমরা বলো:

হে আল্লাহ, আমি তোমার কাছে সেই সমস্ত কল্যান প্রার্থনা করছি, যা তোমার নবী মুহাম্মদ (সা:) তোমার কাছে প্রার্থনা করেছেন এবং আমি তোমার কাছে আশ্রয় চাচ্ছি সেই সমস্ত অনিষ্ট থেকে যা থেকে তোমার নবী মুহাম্মদ (সা:) তোমার কাছে আশ্রয় চেয়েছেন। তুমিই সাহায্যকারী। তোমার কাছে সব পৌঁছে যাবে এবং তোমার সাহায্য ছাড়া গুনাহ থেকে দূরে থাকার ও নেকি করার ক্ষমতা কারো নেই।

আসুন, আল্লাহ المُعز সম্মান দানকারী তাঁর কাছেই আমরা সম্মান চাই, অন্য কারো কাছে নয়। অন্য কাউকে সম্মান দানকারী মনে করা গুরুতর অপরাধ, শিরকের অপরাধ। আল্লাহ শিরকের অপরাধ ক্ষমা করেন না।

আল্লাহ আমাদেরকে শিরকমুক্ত ভাবে তার অনুগত্য ও এবাদত করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা।